

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mole.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১১.৩৬.০০১.১৭.১৩৩

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭
০১ জুন ২০২০

বিষয়: **ডেঙ্গু প্রতিরোধকল্পে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত বছরের ন্যায় এ বছরও ঢাকা শহরসহ সারা দেশে ডেঙ্গুর প্রকোপ দেখা দিতে পারে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক মহোদয় ডেঙ্গু প্রতিরোধের বিষয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে ডেঙ্গু প্রতিরোধের জন্য এখন থেকেই বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ডেঙ্গু প্রতিরোধে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর, দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে অফিস ও নিজ নিজ বাসস্থানে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) অফিস কক্ষ, ওয়াশরুম, আঞ্জিনা, বাসস্থানসহ এর আশপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং পানি যেন জমতে না পারে তার ব্যবস্থা নিতে হবে;
- (খ) অপ্রয়োজনীয় কাগজপত্র, পরিত্যক্ত বোতল, টায়ার-টিউব, ডাবের খোসা এবং জমে থাকা পানি অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) ফুলের টব, বাসস্থানের ছাদ-বাগানসহ পানি জমে থাকে এমন সকল স্থান ও পাত্র অপসারণ/পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে;
- (ঘ) ডেঙ্গু প্রতিরোধে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে;
- (ঙ) গৃহীত কার্যক্রম সম্পর্কে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (চ) ডেঙ্গু প্রতিরোধের জন্য স্ব-স্ব অধিদপ্তর/দপ্তর ও সংস্থার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

৮-৬-২০ ২০

মনোয়ারা বেগম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫১৪০৭৩

বিতরণ :

- ১) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
- ৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কেন্দ্রীয় তহবিল
- ৫) সকল শাখা/অধিশাখার কর্মকর্তা ও কর্মচারী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ৬) রেজিস্ট্রার, চেয়ারম্যান এর দপ্তর, শ্রম আপীল ট্রাইব্যুনাল
- ৭) সচিব, সচিব এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১১.৩৬.০০১.১৭.১৩৩/১(৫)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭
০১ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৫) অফিস কপি



৮-৬-২০২০

মনোয়ারা বেগম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)